# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যা: ১২

জানুয়ারি - মার্চ, ২০২০





## ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

এনআইএলজি ইউনিয়ন পরিষদের নবনিযুক্ত সচিবগণের জন্য ধারাবাহিকভাবে বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করে আসছে। গত জানুয়ারি হতে মার্চ, ২০২০ মেয়াদে ০৩টি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করেছে। ৫২তম ব্যাচের কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন গ্রন্থাগারিক জনাব মোঃ মতিউর রহমান এবং কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন যথাক্রমে সহকারী গ্রন্থাগারিক জনাব মোঃ আবু এখতিয়ার হাশেমী ও সহকারী গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মাহফুজার রহমান। ৫৩তম ব্যাচের কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন সহকারী পরিচালক জনাব মোহাম্মদ মঈনুল হোসেন এবং কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন ডকুমেন্টেশন কর্মকর্তা জনাব মোঃ নাজিম উদ্দিন ও সহকারী গবেষণা কর্মকর্তা জনাব মতি আহমেদ। ৫৪তম ব্যাচের কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন উপপরিচালক আম্বিয়া সুলতানা এবং কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন প্রকাশনা কর্মকর্তা জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক ও সহকারী গবেষণা কর্মকর্তা জনাব মোঃ মাহফুজার রহমান। এ কোর্সসমূহে টাংগাইল, জামালপুর, কিশোরগঞ্জ, বাগেরহাট, রংপুর, পঞ্চগড়, খুলনা, নেত্রকোণা, জয়পুরহাট, মানিকগঞ্জ, বগুড়া, ফরিদপুর, পটুয়াখালী ও বরিশাল জেলার ১২০ জন ইউপি সচিব প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।



কোর্সটিতে স্থানীয় সরকার বিষয়ক বিভিন্ন বিষয় ও ইউনিয়ন পরিষদ পরিচালনায় ব্যবহৃত বিভিন্ন আইন, বিধি, পরিপত্রসহ পরিষদ পরিচালনার সাথে যুক্ত বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান ও সমসাময়িক বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। প্রশিক্ষণ কোর্সে মোট ১০৮টি অধিবেশন ছিল। এর মধ্যে উল্লেখযোগ্য হলো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, রাষ্ট্রীয় মূলনীতি, বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামো, সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহ এবং সংবিধানে সরকারের অবস্থান, প্রশাসনে শিষ্টাচার, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া, নেতৃত্ব ও এর গুনাবলী, ইউনিয়ন পরিষদের সাথে সরকার, জেলা প্রশাসক, উপপরিচালক, স্থানীয় সরকার ও উপজেলা প্রশাসনের সম্পর্ক, স্থানীয় পর্যায়ে উন্নয়ন কর্মকান্ডে বেসরকারী উন্নয়ন সংস্থা ও ইউনিয়ন পরিষদের মধ্যে সমন্বয় সাধন, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ডিজিটাল নথি চালুকরণের পদ্ধতি ও প্রয়োজনীয়তা, ই-ফাইলিং, সরকারি ক্রয় আইন, ২০০৬, সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮, ইউনিয়ন পরিষদ (হিসাব রক্ষণ ও নিরীক্ষা) বিধিমালা, ২০১২, উৎস খাতের ভ্যাট এবং আয়কর কর্তন বিষয়ে মৌলিক ধারণা, ইউনিয়ন পরিষদ (পরিষদের পক্ষে চুক্তি সম্পাদন) বিধিমালা, ২০১২, ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, নিয়ন্ত্রণ ও বাস্তবায়ন) বিধিমালা, ২০১৩, ইউনিয়ন পরিষদের পাঁচশালা ও বাৎসরিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুশীলন, স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, ইউনিয়ন পরিষদ বাজেট নীতিমালা, গুরুত্ব এবং বাজেট প্রণয়ন ও অনুমোদন পদ্ধতি ও উন্মুক্ত বাজেট সভা, ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল, ২০১৩ অনুযায়ী করের উৎস, কর নীতিমালা ও কর নিরূপণ পদ্ধতি, বসতবাড়ীর কর নিরূপণ পদ্ধতি ও অন্যান্য সম্পদ আহরণের কৌশল এবং স্থানীয় সম্পদ আহরণের চ্যালেঞ্জসমূহ, হাট-বাজার ও ফেরীঘাট ইজারা নীতিমালা, ইউনিয়ন পরিষদ (সম্পত্তির ব্যবস্থাপনা, সংরক্ষণ ও হস্তান্তর) বিধিমালা, ২০১২ ইত্যাদি । প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধন, সমাপন ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এনআইএলজি'র মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার। এছাড়া কোর্সটিতে প্রশিক্ষণার্থীগণকে বিষয়ভিত্তিক বিভিন্ন গ্রুপ ওয়ার্ক ও উপস্থাপনায় অংশগ্রহণ করতে হয়েছে।

## সিটি কর্পোরেশন প্রশাসন অবহিতকরণ কোর্স



রাজস্ব অর্থায়নে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সদস্যগণের জন্য গত ১৬-১৭ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে ২(দুই) দিন ব্যাপি "সিটি কর্পোরেশন প্রশাসন অবহিতকরণ" কোর্স বাস্তবায়ন করা হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে ৪৩ জন নির্বাচিত জনপ্রতিনিধি অংশগ্রহণ করেন। উক্ত কোর্সে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯, কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা বিধিমালা, ২০১২, স্থায়ী কমিটি ও কার্যপরিধি, সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, বাজেট প্রণয়ন, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, জন্ম-মৃত্যু নিবন্ধন, স্যানিটেশন, পানি সরবরাহ ও বর্জ্য ব্যবস্থাপনা, এসডিজি, স্থানীয় সরকারের মূলধারায় জেন্ডার সম্পৃক্তকরণ, অফিস ব্যবস্থাপনা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত ছিল।

## বুনিয়াদি রিফ্রেশার্স কোর্সের হ্যান্ডবুক ভ্যালিডেশন

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি ও সেবার মান কাঙ্খিত পর্যায়ে রাখতে যুগোপযোগী আইন, বিধি, পরিপত্র, নির্দেশনা সম্পর্কে সম্যক ধারণা থাকা প্রয়োজন। এ লক্ষ্যে যে সকল ইউনিয়ন পরিষদ সচিবগণ পূর্বে বুনিয়াদি প্রশিক্ষণ পেয়েছেন তাদেরকে রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদানের জন্য হ্যান্ডবুকের খসড়া প্রস্তুত করা হয়েছে। খসড়া চূড়ান্ত করার জন্য গত ২৪ জানুয়ারি, ২০২০ ভ্যালিডেশন ওয়ার্কশপের আয়োজন করা হয়।

এ ওয়ার্কশপে মন্ত্রণালয়, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি, কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ সচিব, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিসহ এনআইএলজি'র অনুষদ সদস্যগণসহ মোট ২৫ জন অংশগ্রহণ করেন।



## অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন গণকর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রণীত সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী দাপ্তরিক বিভিন্ন বিষয়ে 'অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ' কোর্স বাস্তবায়ন করা হয়। এতে এনআইএলজি'র কর্মকর্তা, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণ অংশগ্রহণ করেন। জানুয়ারি - মার্চ ২০২০, সময়ে মোট ১০টি কোর্স বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে এনআইএলজি'র কর্মকর্তা ১(এক) দিন ব্যাপী ৪টি কোর্সে ১০৩ জন, ৩য় শ্রেণির কর্মচারীগণ ৩ (তিন)টি কোর্সে ১(এক) দিন মেয়াদে মোট ৫১ জন ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের ১(এক) দিন ব্যাপী ৩(তিন)টি কোর্সে মোট ৮৭ জন অংশগ্রহণ করেন। এ কোর্সে দাপ্তরিক কার্য পরিচালনা ও ই-ফাইলিং বিষয়গুলোতে অধিক গুরুত্ব দেয়া হয়েছে। অংশগ্রহণকারীদের মতামত মূল্যায়নে দেখা যায়, প্রশিক্ষণটি তাদের দায়িত্ব পালন সহায়ক হবে বলে তারা মনে করেন।

## ইউআইসিডিপি'র অর্থায়নে প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

উপজেলা ইনটিগ্রেটেড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট (ইউআইসিডিপি) এর উদ্যোগে গত ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ প্রকল্পভুক্ত ১০টি উপজেলা পরিষদের "পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও পর্যালোচনা" সম্পর্কিত বিষয়ভিত্তিক প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত টিওটি প্রশিক্ষণে এনআইএলজি'র ০৮ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## ইউআইসিডিপি'র অর্থায়নে "পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও পর্যালোচনা" শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

ইউআইসিডিপি প্রকল্পের উদ্যোগে ২৯ ফেব্রুয়ারি-০২ মার্চ, ২০২০ এবং ৩-৫ মার্চ, ২০২০ তারিখ পর্যন্ত দুটি ব্যাচে প্রকল্পভুক্ত ১০টি উপজেলা হতে নির্বাচিত জনপ্রতিনিধি, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, হস্তান্তরিত বিভাগ-সমূহের ৩ জন কর্মকর্তাসহ ইউআইসিডিপি প্রকল্পের জেলা সমন্বয়ক ও ইউজিডিপি'র উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরগণ তিন দিন মেয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। উল্লিখিত প্রশিক্ষণ দুটিতে এ প্রতিষ্ঠানের টিওটি প্রাপ্ত কর্মকর্তাগণ প্রশিক্ষক হিসাবে সেশন পরিচালনা করেন। এ প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল- (১) পাইলট উপজেলাসমূহের প্রণয়নকৃত পঞ্চবার্ষিক ও বার্ষিক পরিকল্পনা পর্যালোচনা; (২) অভিজ্ঞতা বিনিময় ও শিখনের আলোকে পরবর্তীতে পরিকল্পনাসমূহের উন্নয়ন; (৩) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও রিপোর্টিং প্রক্রিয়া পর্যালোচনা; এবং (৪) ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা প্রণয়ন।



## সুশাসন সংহতকরণ বিষয়ক প্রশিক্ষণ কোর্স

বাংলাদেশ সরকার ও ইউরোপিয়ান ইউনিয়নের যৌথ অর্থায়নে ও অংশীদারিত্বের ভিত্তিতে প্লাটফর্মস ফর ডায়ালগ (P4D) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এনআইএলজি এ প্রকল্পের বাস্তবায়নে অন্যতম সহযোগি সংস্থা। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো সরকারি সিদ্ধান্ত গ্রহণ ও জবাবদিহি প্রক্রিয়ায় নাগরিক ও নাগরিক সমাজের অংশগ্রহণ ও সম্পৃক্ততা বৃদ্ধির জন্য সহায়ক পরিবেশ সৃষ্টি করা। এ প্রকল্পের মাধ্যমে বাংলাদেশের 'রূপকল্প ২০২১', 'সপ্তম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা' এবং টেকসই উন্নয়ন লক্ষ্য-১৬ তথা 'সর্বস্তরে কার্যকরী জবাবদিহি ও অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান বিনির্মাণ' বাস্তবায়নে সহায়তা করা হচ্ছে। এ লক্ষ্যকে সামনে রেখে ঢাকা ও এর পার্শ্ববর্তী বিভিন্ন জেলায় অবস্থিত ১১৮টি বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থার ৬০০ জন সরকারি কর্মকর্তাকে গত ৬ নভেম্বর ২০১৯ হতে শুরু হওয়া প্রশিক্ষণ কার্যক্রমে জানুয়ারি, ২০২০ সময়ে দু'দিন মেয়াদি মোট ৩ (তিন)টি

ব্যাচে প্রশিক্ষণ সম্পন্ন হয় । এ সব প্রশিক্ষণ কোর্সে জবাবদিহি উপকরণ (যথা-জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

এ প্রশিক্ষণের কাঙ্খিত ফলাফল হলো- (১) অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়ন, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন প্রক্রিয়ায় শুদ্ধাচার কৌশলের নীতি ও আদর্শ অনুসরণের মাধ্যমে জনসেবা প্রদান; (২) নিজ দপ্তর থেকে সঠিক সময়ে সঠিক তথ্য প্রকাশ ও সরবরাহ নিশ্চিত করা; (৩) নাগরিক সেবা প্রতিশ্রুতি প্রস্তুত এবং তদানুযায়ি জনসেবা প্রদান; এবং (৪) দক্ষতা ও সংবেদনশীলতার সাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়নে সরকারি কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি।



## উপজেলা পরিষদের পরিকল্পনা ও সেবা প্রদান বিষয়ক প্রশিক্ষণ কোর্স

উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বাস্তবায়িত উপজেলা ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রজেক্ট (UICDP) এর সহযোগীতায় গত ০৪-০৬ জানুয়ারি, ২০২০ তারিখ উপজেলা পরিষদ পরিকল্পনা ও সেবা প্রদান বিষয়ক 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। কোর্সে আলোচ্য বিষয়ের মধ্যে উল্লেখযোগ্য ছিল বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ, উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা, ক্রয় ব্যবস্থাপনা, পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা, উপজেলার পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনা পরিচিতি, সুশাসন সংক্রান্ত অন্যান্য বিষয়, সক্ষমতা উন্নয়ন, অবকাঠামো উন্নয়ন ও উপ-প্রকল্প বাস্তবায়ন, উপজেলা পর্যায়ে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের রিপোর্টিং, আর্থিক ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ব্যবস্থাপনা ও লজিস্টিক ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ক ৩ (তিন) দিন ব্যাপী কোর্স ২ (দুই) টি'তে মোট ৮৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## উপজেলা পরিষদের আইন, বিধিবিধান ও পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত Efficient and Accountable Local Governance (EALG) বা ''কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার'' প্রকল্পের অর্থায়নে গত ১৪-২৭ জানুয়ারি, ২০২০ মেয়াদে ''উপজেলা পরিষদের আইন, বিধিমালা ও পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ'' কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে প্রশিক্ষণার্থী হিসাবে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন । কোর্সের মেয়াদ ছিল ০৩ (তিন) দিন এবং কোর্সের সংখ্যা ছিল ৪ (চার) টি। কোর্সটিতে ১৪৭ জন অংশগ্রহণ করেন।

## ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ কোর্স

রাজস্ব অর্থায়নে ১৮ জানুয়ারি হতে ১৬ মার্চ, ২০২০ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিন মেয়াদী মোট ১৭৯টি ব্যাচে 'ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ'' কোর্স বাস্তবায়ন করা হয়। উক্ত কোর্সটিতে ৭৮১৩ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্য অংশগ্রহণ করেন। উল্লিখিত প্রশিক্ষণ কোর্সসমূহ এনআইএলজি'র তত্ত্বাবধানে উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) এর সদস্যগণ কর্তৃক উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাস্তবায়িত হয়েছে।

## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের দ্বাদশ সংখ্যা পাঠকদের হাতে পৌছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের এ প্রচেষ্টার উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।


### উপদেষ্টা

জনাব তপন কুমার কর্মকার, মহাপরিচালক

### সম্পাদকমন্ডলী

জনাব মোঃ আবদুল মালেক, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) - সম্পাদক
জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা - সদস্য



**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮
ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com
ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd


বুক পোস্ট

------------------------------------------------

------------------------------------------------

------------------------------------------------